



হিসাব পরিপত্র নং- ০৬/২০২১

তারিখ ০৫.০৭.২০২১

বিষয় :- ডিউ টু হেড অফিস হিসাব, কোড নম্বর ১১৬০৩০০০ এর কার্য পরিধি সম্প্রসারণ প্রসঙ্গে।

ব্যাংকের কাজের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে এবং গ্রাহক সেবা নিশ্চিতকরণে ডিউ টু হেড অফিস হিসাব, কোড নম্বর ১১৬০৩০০০ এর কার্য পরিধি নিম্নরূপে সম্প্রসারণ করা হলো।

১। বর্তমানে অফলাইন শাখা ব্যতিত অন্য অঞ্চলে এডভাইস ইস্যুর ক্ষেত্রে প্রধান কার্যালয়কে ট্রানজিট হিসেবে ব্যবহার করা হয়। প্রধান কার্যালয়কে ট্রানজিট হিসেবে ব্যবহার না করে অফলাইন শাখা ব্যতিত অন্য অঞ্চলের শাখার ক্ষেত্রে সরাসরি কোড নম্বর ১১৬০৩০০০ ব্যবহারপূর্বক এডভাইস ইস্যু ও রেসপন্ড করতে হবে।

২। কার্য পরিধি সম্প্রসারণের বিষয়টি একটি উদাহরণের মাধ্যমে সিস্টেমে বর্ণিত হলো-

ক) ধরায়াক, রাসামাটি শাখা ৬ টি এরাএখা লোন হিসাবের স্থিতি খুলনা শাখায় ট্রান্সফার করতে চায়।


খ) ডিউ টু হেড অফিস হিসাবের বর্তমান কার্য পরিধির ক্ষেত্রে রাসামাটি শাখা প্রধান কার্যালয়ের উপর ড্রেপিট এডভাইস ইস্যু করতে প্রধান কার্যালয়ে প্রেরণ করে থাকে। প্রধান কার্যালয় উক্ত এডভাইস রেসপন্ডপূর্বক খুলনা শাখার উপর পুনরায় একটি ড্রেপিট এডভাইস ইস্যু করে থাকে। খুলনা শাখা উক্ত এডভাইস রেসপন্ডপূর্বক হিসাবায়ন করে থাকে।

গ) ডিউ টু হেড অফিস হিসাবের সম্প্রসারিত কার্য পরিধির ক্ষেত্রে রাসামাটি শাখা সরাসরি খুলনা শাখায় ড্রেপিট এডভাইস ইস্যু করবে। খুলনা শাখা উক্ত এডভাইস রেসপন্ডপূর্বক হিসাবায়ন করবে। এ ক্ষেত্রে রাসামাটি শাখাকে প্রধান কার্যালয়ের উপরে এডভাইস ইস্যুর প্রয়োজন হবে না।

৩। বিশ্রাম নির্দেশনা মোতাবেক শাখাসমূহ মাস শেষে এডভাইসের কপি ও তারিখসহ কিয়রিত বর্ণনামূলক ডিউ টু হেড অফিস হিসাব, কোড নম্বর-১১৬০৩০০০ এর নির্ধারিত বিবরণী স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ এবং আঞ্চলিক কার্যালয় অফলাইন সকল শাখার বিবরণী একত্রে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবে।

৪। এডভাইস প্রেরণ, রেসপন্ড, বিবরণী প্রেরণ সকল ক্ষেত্রেই অধিকতর স্বচ্ছতা, আন্তরিকতা ও সন্তোষনতার সাথে সম্পাদন করতে হবে। এতদ্বিধায়ে কোন সমস্যা/সংশয়ের উদ্ভব হলে কেন্দ্রীয় হিসাব বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করে তা নিশ্চিত হতে হবে। কোন অসুস্থহতেই এডভাইস প্রেরণ/রেসপন্ড করা হতে বিরত থাকা যাবে না।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



গণপ্রসাদ বিশ্বাস
বিভাগ প্রধান

ফোন-০২৪৮৩১৩১৪৭

ই-মেইল : avubacc@gmail.com

তারিখ ০৫.০৭.২০২১

স্মারক নং-১/১১/২০০/ ০৬

সদর অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :-

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং উপ-পরিচালক (ওয়েলফেয়ার), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বহির্নী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।


২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (বিভাগ প্রধান, আইসিটিকে পরিপত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৫। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

৬। সকল শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।



মোঃ আব্দুল আবেদীন
প্রিন্সিপাল অফিসার

সেল : ০১৮৩৭-৫৩৬৯৩৪